















বিজেপি গুণ্ডাদের বিরুদ্ধে ব্যবস্থা নিতে নির্বাচন কমিশনে স্মারকলিপি দিলেন তৃণমূল সাংসদরা

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৬ জুন। বৃহস্পতিবার সর্বভারতীয় তৃণমূল কংগ্রেসের ছয়জন সংসদ সদস্য ত্রিপুরার রাজনৈতিক হিংসার বিরুদ্ধে ব্যবস্থা নেওয়ার জন্য ভারতের নির্বাচন কমিশনকে অনুরোধ করেছেন।

সুরমা বিধানসভা কেন্দ্রের একটি পরিবারকে ত্রিপুরা প্রদেশ তৃণমূল কংগ্রেস যোগদানের জন্য আক্রমণ করার পরে সর্বভারতীয় তৃণমূল কংগ্রেসের সাংসদরা বলেছেন, ত্রিপুরার চারটি বিধানসভা কেন্দ্রের ২৩ জুন উপ-নির্বাচনে আসন্ন, বিজেপি-সমর্থিত গুণ্ডাদের রাজনৈতিক হিংসা যথেষ্ট বৃদ্ধি পেয়েছে।

তৃণমূলের ছয় সদস্যের প্রতিনিধি দল সৌগত রায়, জগদেব সরকার, প্রতিমা মন্ডল, লুইজিনহো ফালেইরো, মুরতার জাহান রুহি এবং ডাঃ কাকলি ঘোষ দস্তিদার দিল্লিতে জাতীয় নির্বাচন কমিশনারের কাছে একটি স্মারকলিপি জমা দিয়েছেন।

পৃথক স্থানে যান দুর্ঘটনায় গুরুতর আহত চার

নিজস্ব প্রতিনিধি, উদয়পুর/তেলিয়ামুড়া, ১৬ জুন। সাতসকালেই মন্দির নগরী উদয়পুরে যান দুর্ঘটনা ঘটেছে। বাইক ও গাড়ির সংঘর্ষে দুজন আহত হয়েছেন। ঘটনাটি ঘটেছে বৃহস্পতিবার সকালে উদয়পুর রমেশ চৌমুহনী এলাকায়।



রাজধানীর দুর্গা চৌমুহনী এলাকায় নির্বাচনকে কেন্দ্র করে পুলিশী তল্লাশি চলেছে। ছবিঃ নিজস্ব

মুঙ্গিয়াকামীতে ম্যালেরিয়ার প্রাদুর্ভাব

নিজস্ব প্রতিনিধি, তেলিয়ামুড়া, ১৬ জুন। পাহাড়ি এলাকায় ম্যালেরিয়ার বিস্তার লাভ করার হাত থেকে রক্ষা করার জন্য স্বাস্থ্য দপ্তরের পদক্ষেপ। মূলত মে, জুন, জুলাই মাস গুলিতে ম্যালেরিয়া রোগের প্রাদুর্ভাব ঘটে থাকে।

এজন্য রাজ্য স্বাস্থ্য দপ্তর আগাম কিছু ব্যবস্থাদি নিয়ে ধোয়া করবে। ম্যালেরিয়ার বিস্তার লাভের খত্যাতির দিকে ফিরে তাকালে দেখা যায় এছাড়া মুঙ্গিয়াকামী আর.ডি.ব্লকের অধীনে ১৮ জন জনজাতি মানুষজনরা মারণব্যাপি ম্যালেরিয়ার আক্রান্ত হয়েছিল।

আর বাকি একজন আক্রান্ত রোগীর চিকিৎসা চলেছে বর্তমানে মুঙ্গিয়াকামী প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে। অভিযোগ, অনেক সময় আক্রান্ত এলাকাগুলিতে সঠিকভাবে স্বাস্থ্য শিবির ও করা হচ্ছে না।

আবারো ভয়াবহ যান দুর্ঘটনা অসম-আগরতলা জাতীয় সড়কের বড়মুড়া খামখিং বাড়ি এলাকায় বৃহস্পতিবার। বিএসএফ-এর বাস গাড়ি এবং একটি ১২ চাকা লরির মুখোমুখি সংঘর্ষে আহত দুজন। গুরুতর আহত হয়েছে লরির চালক।

জানা যায়, তেলিয়ামুড়া থানাধীন অসম-আগরতলা জাতীয় সড়ক ধরে এনএল০১ এর ৯৫৮৪ নম্বরে একটি দুর্ঘটনা লরি আগরতলার দিক থেকে বহির্ভাগে উদ্দেশ্যে যাচ্ছিল, কিন্তু অসম-আগরতলা জাতীয় সড়কের বড়মুড়া খামখিং বাড়ি এলাকায় আসা মাত্রই বাঁক নিতে গিয়ে অপর দিক থেকে আসা টিআর০১-ই-৫১২০ নম্বরের বিএসএফের বাস গাড়ির সঙ্গে মুখোমুখি সংঘর্ষ হয়।



বৃহস্পতিবার টিএমসি হাসপাতালে ইন্টানশিপ আন্দোলন অব্যাহত রয়েছে। ছবিঃ নিজস্ব

যুবরাজ নগরে ভোট প্রচার করলেন কেন্দ্রীয় পেট্রোলিয়াম মন্ত্রী ও প্রাক্তন মুখ্যমন্ত্রী বিপ্লব দেব

নিজস্ব প্রতিনিধি, ধর্মনগর, ১৬ জুন। আগামী ২৩ জুন যুবরাজ নগর বিধানসভা উপনির্বাচনের সামনে রেখে বৃহস্পতিবার হাফলং ছড়া চা বাগানে এক নির্বাচনী জনসভা অনুষ্ঠিত হয়।

যুবরাজ নগর উপনির্বাচনে মলিনা দেবনাথের হয়ে প্রচারে এসেছেন। তাঁকে জয়ী করা এলাকার মানুষের জন্য একান্ত প্রয়োজন।

হতো, এখন থেকে ৫০০ টাকা দিলেই হবে বলে জানান তিনি। এদিন প্রাক্তন মুখ্যমন্ত্রী বিপ্লব দেব বলেন, ত্রিপুরাতে বড় মাত্রায় যে চা বাগানগুলো রয়েছে ২৫ বছর প্রশাসনে থেকে কমিউনিস্টরা চা শ্রমিকদের প্রতারণার শিকার বানিয়েছে।

তীর আরো দাবি, ২ গজা করে জমি দিয়ে তাঁদের জমির মালিক বানিয়ে দেওয়া হয়েছে। তাতে প্রমাণিত, চা শ্রমিকদের জন্য বিজেপি সরকার বাদে অন্যরা লাঞ্ছনা প্রতারণা ছাড়া কিছুই করেনি।

উপনির্বাচনে বিজেপির তারকা প্রচারকের সূচী জারি, কেন্দ্রীয় মন্ত্রী সহ ১৮ জন বাইরে থেকে আসছেন

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৬ জুন। শেষ মুহুর্তে নির্বাচনী প্রচারে ঝড় তুলতে এককণ্ঠে তারকার সমাবেশ ঘটছে ত্রিপুরায়।

উপনির্বাচনে বিজেপি ৪০ জনের তারকা প্রচারকের সূচী জারি করা হয়েছে।

উপনির্বাচনে বিজেপি ৪০ জনের তারকা প্রচারকের সূচী জারি করা হয়েছে।

উপনির্বাচনে বিজেপি ৪০ জনের তারকা প্রচারকের সূচী জারি করা হয়েছে।

জয় নিশ্চিত দাবি করে প্রচারে ঝড় বিজেপি প্রার্থী ডাঃ মানিক সাহার

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৬ জুন। জয়ের বিষয়ে নিশ্চিত ৮ টাউন বড়দোয়ালী বিধানসভা কেন্দ্রের বিজেপি প্রার্থী ডাঃ মানিক সাহা।

সঙ্গে কথা বলার পাশাপাশি সাংগঠনিক নির্বাচনী সভা গুলিতে অংশ নিচ্ছেন তিনি।

লিফলেট ডাঃ মানিক সাহা জানান, প্রচারে বেড়িয়ে মানুষের স্বতঃস্ফূর্ত সাড়া পাচ্ছেন।



৮ বড়দোয়ালী বিধানসভা কেন্দ্রের বিজেপি প্রার্থী ডাঃ মানিক সাহা ভোট প্রচার ছবিঃ নিজস্ব

রাজনগরে বামপন্থী ছাত্র যুব সংগঠনের উদ্যোগে রক্তদান শিবির

নিজস্ব প্রতিনিধি, বিলোনীয়া, ১৬ জুন। চে ওয়েভার জন্মদিন উপলক্ষে রক্তদান জীবন দান এ স্কোনা কে সামনে রেখে বৃহস্পতিবার বামপন্থী ছাত্র যুব সংগঠনের উদ্যোগে এক রক্তদান শিবিরের আয়োজন করা হয়।

রক্তদান শিবিরকে কেন্দ্র করে বামপন্থী ছাত্র যুব সংগঠন, ও বিভিন্ন গনসংগঠনের নেতৃত্ব ও সমর্থকদের উৎসাহ উদ্বীপনা পরিলক্ষিত হয়।

তাদের প্রত্যেককে ধন্যবাদ জানান। পাশাপাশি ছাত্র যুব সংগঠনের এ মহতী উদ্যোগের সাধুবাদ জানান।

অপরদিকে, তেলিয়ামুড়া থানা এলাকার গৌরাসটলা এলাকার বাসিন্দা মৃগাল চক্রবর্তীর বাড়িতে রাতের আঁধারে ঘরের টিমের বেড়া কেটে কে বা কাহারো প্রবেশ করে।

Advertisement for 'NEW SHYAMAL TAILOR' located at Old Thana Road, Near Lal Bahadur Chowmuhan Agartala, Tripura (W). Contact numbers: 9862799501, 8787556435. Text: 'এখানে রেজার (BLAZER) তৈরি করা হয়।'